

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

সমন্বয় অধিশাখা

www.plandiv.gov.bd

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ৩১ মার্চ, ২০১৬ খ্রিঃ

সময়ঃ সকাল ১:৩০ ঘটিকা

সভার স্থানঃ এনইসি ১নং কমিটি কক্ষ পরিকল্পনা বিভাগ।

সভাপতিঃ ও.এন. সিদ্দিকা খানম, অতিরিক্ত সচিব

ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়) বিগত ১৮/০২/২০১৬ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত ইনোভেশন টিমের কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যপত্র অনুযায়ী সভায় বিগত সভার গৃহীত সিদ্ধান্ত ও এর বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.০ ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা (জানুয়ারি-ডিসেম্বর, ২০১৬) অনুমোদন ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
পরিকল্পনা বিভাগের সংশোধিত কর্মপরিকল্পনাটি সমন্বয় সভার অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করায় সভাপতি পরিকল্পনা বিভাগের সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান।	কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যেই বাস্তবায়ন করতে হবে।	কর্মপরিকল্পনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ পরিকল্পনা বিভাগ/কমিশন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪.০ পরিকল্পনা বিভাগের ইনোভেশন টিমে NAPD ও BIDS এর ইনোভেশন সংক্রান্ত আলোচনা:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>সভাপতি জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (NAPD) ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS) এর প্রতিনিধির কাছে ইনোভেশন সংক্রান্ত কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা জানতে চান। তাছাড়া তাঁদের কর্মপরিকল্পনা কেন এখনও পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হয়নি তা জিজ্ঞাসা করেন। BIDS এর প্রতিনিধি বলেন সকল চিঠিপত্র, রিসার্চ-এর ডাটা এবং বিভিন্ন স্টাডির (৫-৭ বছরের) তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। তাছাড়া BIDS-এর কর্মপরিকল্পনা তৈরি করা হচ্ছে যা পরবর্তীতে পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হবে।</p> <p>NAPD-এর প্রতিনিধি বলেন যে প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তথ্য সংগ্রহ করার জন্য একটি নতুন ফরম তৈরি করা হয়েছে যার মাধ্যমে সহজেই তথ্যাদি সংগ্রহ করা যাবে। তাছাড়া পরিকল্পনা বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন) NAPD হতে প্রাপ্ত কর্মপরিকল্পনাটির সমস্যার কথা তুলে ধরেন। এ প্রেক্ষিতে NAPD-এর প্রতিনিধি বলেন যে কর্মপরিকল্পনা দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা বিদেশে অবস্থান করছেন। তিনি জানতেন না যে কর্মপরিকল্পনাটি সংশোধন করে পুনরায় পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। শীঘ্রই কর্মপরিকল্পনাটি সংশোধন করে এ বিভাগে প্রেরণ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।</p>	<p>বিআইডিএস ও এনএপিডিকে তাঁদের কর্মপরিকল্পনা পরিকল্পনা বিভাগে অতি সত্বর প্রেরণ করতে হবে।</p>	<p>মহাপরিচালক NAPD ও BIDS</p>

৫.০ মোবাইল অ্যাপস সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>সভাপতি মোবাইল অ্যাপস-এ অভ্যন্তরীণ অভিযোগ ব্যবস্থাপনা এবং ইনোভেশন বক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ-এর বাস্তবায়ন অগ্রগতি জানতে চান। উপ-সচিব (সমন্বয়) বলেন এ বিষয়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার, পরিকল্পনা বিভাগ) অসুস্থতার কারণে সভায় উপস্থিত হতে পারেনি।</p>	<p>মোবাইল অ্যাপস-এ অভ্যন্তরীণ অভিযোগ ব্যবস্থাপনা এবং ইনোভেশন বক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত সম্পন্ন করতে হবে।</p>	<p>আইসিটি সেল পরিকল্পনা বিভাগ।</p>

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

-AS-

৬.০ বিবিধঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১) অনলাইনে নথি ব্যবস্থাপনা চালু হচ্ছে না কেন সভায় সভাপতি জানতে চাইলে, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন শাখা-২) বলেন যুগ্ম-সচিব (প্রশাসন)-এর আইডি শফিকুজ্জামান স্যারের নামে থাকায় অনলাইনে নথি উপস্থাপন করা সম্ভব হচ্ছে না। সভাপতি কমিশনে ই-ফাইলিং ব্যবহারের তাগিদ দেন।	(১) পরিকল্পনা বিভাগ এবং কমিশনের সকল শাখায়/অধিশাখায় এবং উইং এ ই-নথি ব্যবস্থাপনা ব্যবহার করে অনলাইনের মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে। প্রত্যেকের নামে নথিব্যবস্থাপনা আইডি খুলতে হবে।	পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারী
(২) ছবিসহ কর্মকর্তাদের নাম, পদবী ও ঠিকানা পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য যে সকল কর্মকর্তার ছবি এখনও জমা দেওয়া হয়নি সভাপতি সে সকল কর্মকর্তার নামের তালিকা উপস্থাপনের নির্দেশনা দেন।	(২) যে সকল কর্মকর্তার ছবি এখনও জমা দেওয়া হয়নি তাঁদের নামের তালিকা অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ-এর নিকট প্রেরণ করতে হবে।	সহকারী প্রোগ্রামার আইসিটি সেল পরিকল্পনা
(৩) গত ২৮/০২/২০১৬ খ্রিঃ তারিখ DPP/RDPP যাচাই করার চেকলিস্টটি পরিকল্পনা কমিশনের যে সকল বিভাগ হতে মতামত পাওয়া যায়নি সভাপতি সে সকল বিভাগ হতে তাঁদের মতামত সংগ্রহের নির্দেশনা দিয়েছেন।	(৩) প্রকল্পের DPP/RDPP যাচাই করার চেকলিস্টটি পরিকল্পনা কমিশনের যে সকল বিভাগ হতে মতামত পাওয়া যায়নি সে সকল বিভাগ হতে তাঁদের মতামত সংগ্রহ করতে হবে।	উপসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ।

৭.০। অতঃপর সভায় আর কোন কিছু আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

A



(ও. এন. সিদ্দিকা খানম)

অতিরিক্ত সচিব

ও

চীফ ইনোভেশন অফিসার

পরিকল্পনা বিভাগ